TUESDAy

15 sep 2026



# NSS UNIT

## UNIVERSITY B.T. & EVENING COLLEGE

COOCH BEHAR

# OFFERINGS

*Maa: The Real Hero*

Mother's Day is a beautiful occasion that celebrates the unconditional love, care, and sacrifices of mothers. A mother is the first teacher, guide, and source of strength in every student's life. From teaching values to supporting dreams, mothers play an important role in shaping a child's future. This special day reminds us to express our gratitude, respect, and love towards them. Through this book, students share their thoughts, feelings, stories, and creativity dedicated to their mothers, making it a heartfelt tribute to the bond between a mother and her child.

# সূ চী প ত্র

পৃষ্ঠা


সূ চী প ত্র ________________ 1

INTRODUCTION | OBJECTIVES | PARTICIPATION ________________ 2

**শুভেচ্ছা বার্তা** - অধ্যক্ষার ডেস্ক থেকে | ড. অঙ্কিতা মুখার্জী ________________ 3

**কলমে** – নন্দীনি সরকার । Titash Sharma ________________ 4

**কলমে** – অমৃত বর্মন । Nabanita chakraborty । Resmi Dey Sarkar ________________ 5

**কলমে** – Amit Kumar Das । Oindrila Biswas । Priya Das ________________ 6

**কলমে** – Susmita chanda । Tanmay Basunia । Hritika Dey ________________ 7

**কলমে** – Priyanka Kundu ________________ 8

**কলমে** – Shilpa Dey । ভার্গব চক্রবর্তী । অনুরাগ রায় ________________ 9

**কলমে** – Riya Basak ________________ 10

**কলমে** – Supriya paul । Sushrita Dey ________________ 11

**কলমে** – Sumona Roy । Payel Ghosh । Haimanti Modak ________________ 12

CONCLUSION ________________ 13

# INTRODUCTION

- "The title of the web magazine 'OFFERINGS,' was given by our respected sir Dr. Anindya Bhattacharya, Department of English."

Under the guidance of the NSS Unit of University B.T. & Evening College, this special publication is dedicated to celebrating the love, sacrifice, and inspiration of mothers through the thoughts and creativity of students. Mothers are the foundation of every child's life, and students express their emotions, memories, and gratitude through stories, poems, and writings in this book. This initiative by the NSS Unit aims to encourage values of respect, humanity, and appreciation for mothers while giving students a platform to share their heartfelt expressions.

# OBJECTIVES

- To provide students with an opportunity to develop and express their creative talents under the initiative of the NSS Unit of University B.T. & Evening College.
- To inspire feelings of love, respect, and gratitude towards mothers among students.
- To highlight the importance and greatness of motherhood through stories, poems, essays, and other writings.
- To promote human values, social responsibility, and the spirit of family bonding among students.
- To create a meaningful literary platform for students to express their thoughts, emotions, and experiences.
- To encourage and strengthen the social and cultural activities conducted by the NSS Unit.

# PARTICIPATION

Around NSS volunteers, faculty members, and guest members of the college participated actively. The event was coordinated by NSS Program Officer Dr. Riki Chakraborty and NSS volunteer Amrit Barman (Web Magazine designer).

শুভেচ্ছা বার্তা

শব্দেরা কখনো নির্দিষ্ট সীমানায় বাঁধা পড়ে, আবার কখনো অনুভূতির অসীম নীলাকাশে ছড়িয়ে দেয় তার ব্যাপ্তি। 'মা'—এই একটিমাত্র শব্দও যেন প্রথমত ধরে দেয় এক পরম রূপ, যিনি আমাদের জন্মদাত্রী। সেই মূর্ত রূপই শব্দটিকে এক অমলিন, স্পন্দিত অস্তিত্বে প্রাণবন্ত করে তোলে। কিন্তু আমরা যখনই হৃদয়ের গভীরে একে অনুভব করতে যাই, অমনি ভেসে ওঠে ভাব-আবেগের অজস্র তরঙ্গ। আমাদের পরম আনন্দে, নিভৃত দুঃখে, অনুরাগে-অভিযোগে কিংবা তীব্র যন্ত্রণায়—সবখানেই ছড়িয়ে থাকে মায়ের নিঃশব্দ উপস্থিতি।

'Offerings'-এর প্রতিটি পাতায় জমে থাকা শব্দমালা আসলে মায়ের প্রতি সন্তানের সেই আদিম ও অনবদ্য অনুভূতির এক কাব্যিক বিমূর্তায়ন। এ যেন একাধারে মায়ের প্রতি সন্তানের চিরায়ত অনুরাগের অর্ঘ্য—যা চেনা অনুভূতির গভীর থেকে উঠে এলেও তার প্রকাশভঙ্গি স্বতন্ত্র ও অনন্য। আমাদের প্রিয় ছাত্রছাত্রীদের হৃদয়ক্ষরিত এই শব্দগুচ্ছ কেবল কোনো সাধারণ সাহিত্যের আয়োজন নয়; এটি মায়ের চরণে নিবেদিত এক আত্মিক পুষ্পাঞ্জলি।

আমার বিশ্বাস, এই সংকলন পাঠ করতে গিয়ে পাঠক মায়ের প্রতি অনুভূতির নিত্যনতুন সুবাস খুঁজে পাবেন, যা তাঁদের মরমী হৃদয়ে নিভৃত দাগ কেটে যাবে।

যাঁদের অন্তর্লীন বোধ, সাধনা ও শ্রমের বুননে এই বিমূর্ত চিন্তাসকল আজ বাস্তব আকার পেল, সেই নেপথ্যের সকল কারিগরদের জানাই আন্তরিক সাধুবাদ। এই শব্দপ্রতিমা জ্ঞান ও অনন্ত সম্ভাবনার এক অমেয় আলোকবর্তিকা হয়ে উঠুক।

শুভেচ্ছা ও ভালোবাসাসহ,
ড. অঙ্কিতা মুখার্জী
অধ্যক্ষ
ইউনিভার্সিটি বি.টি. অ্যান্ড ইভনিং কলেজ, কোচবিহার

**OFFERINGS**

**NSS UNIT UNIVERSITY B.T. & EVENING COLLEGE**

## মায়ের আঁচলে ছাত্রজীবন

**মা** — এই ছোট্ট শব্দটির মধ্যেই লুকিয়ে থাকে পৃথিবীর সবচেয়ে বড় ভালোবাসা, ত্যাগ আর অনুপ্রেরণা। একজন শিক্ষার্থীর জীবনে মা শুধু অভিভাবক নন, তিনিই প্রথম শিক্ষক, প্রথম বন্ধু এবং সাহসের সবচেয়ে বড় উৎস। আমাদের এই **web magazine**-এ মায়ের প্রতি ভালোবাসা, ছাত্রজীবনের অনুভূতি, সংগ্রাম, স্মৃতি ও মমতার গল্প কবিতা ও লেখার মাধ্যমে তুলে ধরা হয়েছে। প্রতিটি শব্দে রয়েছে মায়ের প্রতি কৃতজ্ঞতা ও ভালোবাসার এক আন্তরিক প্রকাশ।

**।।আমার মা।।**

পৃথিবীতে এত মানুষ, মায়ের মতন কেউ নয়
নাড়ির টান রয়েছে তাই, মাকে হারানোর ভয় হয়।
পরিবার, সমাজ, শিক্ষাক্ষেত্রে বহু গুরু পাই মোরা
মা-ই সেই প্রথম গুরু, যার মন মমতায় ভরা।
যত্ন করে, আগলে রেখে বড় করলে আমায় তুমি
ভালোবাসা আর শ্রদ্ধার্ঘ্য তোমার চরণে জানাই আমি।
ভালো থাকুন, সুস্থ থাকুন পৃথিবীর সকল মায়েরা
পরিবারকে আগলে রাখুন, প্রতিটি বাবা-মায়েরা।
শ্রদ্ধার্ঘ্য জানাই আমি প্রতিটি মায়ের চরণে
বাবা দাদাসহ সকল গুরু রইলো আমার স্মরণে।।

**কলমে - নন্দীনি সরকার।**
**রোল নং-1230016**
**ষষ্ঠ সেমিস্টার।**
**শিক্ষা বিভাগ।**



**Today, on Mother's Day, we celebrate the purest form of love — a mother's love. A mother is not just a parent; she is a child's first teacher, first friend, strongest support, and safest home. From sleepless nights to endless sacrifices, every effort she makes is filled with care, patience, and unconditional affection.✨**

**A mother's love shapes a child's heart, teaches kindness, gives strength during difficult times, and inspires confidence to chase dreams. Her words become guidance, her prayers become protection, and her presence becomes comfort. No matter how old we grow, a mother's love remains the light that never fades.❣**

**The importance of a mother in a child's life can never truly be measured. She helps build character, values, and the courage to face the world. Behind every successful and happy child, there is often a mother who believed in them even before they believed in themselves.**

**So today, let us thank all mothers for their endless efforts, silent sacrifices, and boundless love. Happy Mother's Day to every wonderful mother and my mother too🌷💐❣— you are truly the heart of every family and the greatest blessing in our lives.🙏🙏**

**Name-TITASH SHARMA**
**Sem-2nd**
**Department-ENGLISH**
**CLG ROLL NO.- 1250082**



## -।মা আমার অমূল্য রত্ন্নো।-

মা এক অমূল্য রত্ন্নো,
যে রত্নের আগে পৃথিবীর
অন্য রত্নের যেন নেই মূল্য।।

মা আমার জন্মদাতা,
মা ছাড়া জগৎ বৃথা।
মাকে নিয়ে লিখব কি বলো।
মা আমার দৃষ্টি দাতা,
মা-ই আমার শিক্ষা দাতা।

জন্মিয়া আমি মাকে দেখি,
মাকে ছাড়া আমি কিছু না বুঝি।
মা হাসিলে খুসি আমি,
মা কাদিলে দুঃখী আমি।

মায়ের দুধে অমৃত যেন_
বাচ্চাদের মুখের হাসির আলো।
মায়ের মুখের হাসি যেমন_
আমার সকল ব্যথার মলম।
মায়ের চোখের জলে যেন_
বিশ্ব যায় ভেসে কেন।

মায়ের কোলে ঘুমানো সেকি,
বড়ো হয়েও ভুলতে পারি!.
আমি আজও সেই খাবার শেষে,
মায়ের আঁচলে মুখ মুছি।
মাকে আমি ভালো বাসি
মাকে আমি ভালো বাসি।।

**কলমে- অমৃত বর্মন**
**বিভাগ- শিক্ষা বিজ্ঞান**
**সেমিস্টার- ষষ্ঠ**
**রোল নং- 1230699**





## My Mother

মা—নিজের পড়াশোনার পথ থামিয়ে দেননি কখনো,সংসারের হাজারো কাজের মাঝেও স্বপ্নগুলোকে বাঁচিয়ে রেখেছেন।বইয়ের পাতায় যেমন তিনি খুঁজে নেন নিজের পরিচয়,তেমনি সংসারের প্রতিটি দায়িত্বেও হয়ে ওঠেন অবিচল শক্তি।নিজের স্বপ্ন আর পরিবারে ভালোবাসা—দুটোই সমান করে বুকে আগলে,তিনি প্রমাণ করেন, একজন মা চাইলে সবই সম্ভব। ❤️

**Nabanita chakraborty**
**2nd semester**
**English department**
**Roll- 1250060**



## আমার মা..❤️

মা শব্দটা অনেক ছোটো,
তবে "মা" হলো আমাদের পুরো পৃথিবী।
মা তুমি শিখিয়েছো কী করে নিজের সবটা দিয়ে একটা পরিবার তৈরী করা যায়। আমার এই রঙিন জীবনের রং তুমি। তুমি নিজের কথা না ভেবে কিভাবে আমাদের ভালো রাখা যায় সেটা ভেবেছো। মা আমি বলবো না তুমি ভালো থেকো, কারন আমি তোমায় সবসময় ভালো রাখবো।।❤️🌷

**Name - Resmi Dey Sarkar**
**Sem- 6th**
**Department - Political science**
**Roll- 1230243**



**শিরোনাম: আমার মা**

পৃথিবীর সবচেয়ে নিরাপদ আশ্রয় হলো মায়ের আঁচল, আর সবচেয়ে মিষ্টি শব্দ হলো 'মা'। আমার মা মানে শুধু একটি সম্পর্ক নয়, মা মানে আমার অস্তিত্বের প্রথম অধ্যায়।আমার ছোটবেলার সেই প্রথম আধো-আধো বুলি থেকে শুরু করে আজকের এই আমি—সবকিছুর পেছনে মলাটের মতো জড়িয়ে আছে মা। যখন পৃথিবী আমাকে বুঝতে ব্যর্থ হয়, তখন মায়ের ওই শান্ত চোখের চাহনিই বলে দেয়, "আমি তো আছি!" মায়ের কোনো ছুটি নেই, নেই কোনো অভিযোগ। এক অদ্ভুত জাদুকরী শক্তিতে মা সামলে নেয় আমাদের পুরো জগতটা।মা, তোমার ভালোবাসার কোনো তুলনা হয় না। তোমার শাসন যেমন আমাকে পথ দেখায়, তোমার স্নেহ তেমনি আমাকে সাহস যোগায়। আমার সাফল্যের আনন্দ যেমন তোমার চোখে জল আনে, আমার বিপদে তোমার প্রার্থনাই হয় আমার বড়ো শক্তি।আজকের এই বিশেষ দিনে শুধু এটুকুই বলতে চাই—তুমি আছো বলেই আমার পৃথিবীটা এত সুন্দর। ভালো থেকো মা, সবসময় এভাবেই ছায়া হয়ে পাশে থেকো। শুভ মাতৃ দিবস! 👦

**Name - Amit Kumar Das**
**Sem- 6th**
**Department - political science**
**Roll no - 1230247**



মা... তুমি হলে সেই শব্দ যা স্কুল ফেরার পথে অজান্তেই চলে আসে।।
মা... যাকে ছাড়া আমি আমাকে কল্পনাই করিনি কখনো।।
মা.... তুমি হলে সেই নারী যার মতো আমি হতে চাই হাজারো ব্যর্থতার পরে।।
মা... তুমি আমার সেই শক্তি যা আমাকে জাগিয়ে তোলে।।
সব ক্লান্তির অবসান আর সস্তির সুখ তোমার কোল থেকেই পাওয়া।হয়তো কোনোদিন প্রকাশ করে উঠিনি কিন্তু অনেক ভালোবাসি মা 🤍🌍

**Name- Oindrila Biswas**
**Sem- 6th**
**Dept- Sanskrit**
**Roll-1231212**



**HAPPY MOTHER'S DAY**
**My Mother**
**A mother's love knows no boundaries** ❤️ ❤️

The most beautiful feeling when I go home outside and I see my mother I hear her voice this time is the best time in my life and my mother always special one in my life and she is a my fist teacher in my life I love you so much my mother ❤️🩹❤️



**Name _ Priya Das**
**Roll _ 1230577**
**Sem_ 6th**
**Department _ political science**

**মা**

আমার মতে বছরের কোনো একটা নির্দিষ্ট দিনে
মায়ের জন্য স্পেশাল দিন হিসেবে না বেছে,
জীবনের প্রত্যেক টা দিন মায়ের সঙ্গে স্পেশাল
ভাবে কাটানো উচিৎ।
কারন মায়েরা দিন ক্ষণ দেখে তার সন্তান দের
ভালো বাসে না।
মায়ের ভালো বাসার কোনো দিন নেই রাত নেই।
অনেক ভালো বাসি মা তোমাকে।

**Name - susmita chanda**
**Sem-6th**
**Roll- 1230719**
**Depertment -history**



**মা,**

মা যার কোনো অভিমান নেই,
যার না আছে গরম না আছে ঠান্ডা আর না
আছে ঘুম
তার শুধু একটাই চিন্তা
আমরা কোন টা তে ভালো থাকব
মা এমন একজন যিনি কিনা
নিজের সব টুকু দিয়ে আমাদের নানা আবদার
মেটানোর চেষ্টা করে।
তাই মায়ের জন্য কোনো একটি দিন নয়
প্রত্যেকটি দিন মাতৃ দিবস পালন করা দরকার।

**Name- Tanmay Basunia**
**Sem- 6th**
**Department- History**
**Roll- 1230709**



**আমার মা**

'মা' শব্দটি অত্যন্ত ছোট হলেও এর অর্থ ভাষায় কিংবা মুখে প্রকাশ করার মতো না। 'মা' মানে ভালোবাসা, মমতা, ত্যাগ, নিরাপত্তা, আর নিঃস্বার্থ স্নেহ। 'মা'সেই নারী যিনি কিছু বলার আগেই সবটা বুঝে যায়। নিজের সুখ ত্যাগ করে সন্তানকে হাসিখুশি রাখারই আরেক নাম 'মা'। 'মা' আমাদের জীবনের প্রথম শিক্ষক। যিনি হাঁটতে শেখা থেকে শুরু করে জীবনের ভালো-মন্দ প্রত্যেক টি ধাপে পাশে থাকেন। 'মা' এমন একটা মানুষ, যিনি নিজের কথা না ভেবে সবসময় সন্তানের ভালোর কথা ভাবেন। পৃথিবীতে মায়ের ভালোবাসার চেয়ে পবিত্র আর কিছু নেই। মা হলো পৃথিবীর সবচেয়ে নিরাপদ আশ্রয়, তার কোলে আছে শান্তি আর তার আর্শীবাদ আমাদের জীবনের সবচেয়ে বড়ো শক্তি। 'Mother's Day' শুধু উপহার বা উদযাপনের দিন নয়। এটি মায়ের প্রতি ভালোবাসা প্রকাশ করার একটি বিশেষ দিন।

'Mother's Day' সবার জন্য আনন্দের দিন হলেও, সবার অনুভূতি একরকম হয়না। কেউ এইদিনে মায়ের সাথে সুন্দর সময় কাটায়, আবার কেউ হয়তো মাকে খুব মিস করে। কার ও মা দূরে আছেন, কারও মা আর পৃথিবীতে নেই, তাই এইদিনটি অনেকের আবেগের ও হতে পারে।

**Name- Hritika Dey**
**Semester- 2nd**
**Roll- 1250088**
**Department- English**



**মা**

"মা" শব্দটা ছোট্টো হলেও খুব মিষ্টি। যে ডাকের মধ্যে দিয়ে সারাদিনের দুঃখ,কষ্ট,রাগ,অভিমান সবটা এক নিমেষে  শেষ করে ফেলা যায়। আমাদের সবার মা - ই একটু অদ্ভুত। যে কি না মুখ দেখেই সবটা বুঝে যায়, খিদে পেলে সেটাও মুখ দেখেই বলে দেয়। কারন মানুষটা অন্য সবার থেকে আমাদের দশ মাস দশ দিন একটু বেশিই চেনে। পৃথিবীতে একমাত্র মায়ের ভালোবাসাই নিঃস্বার্থ হয়। মা- ই একমাত্র মানুষ যে কোনোরকম স্বার্থ ছাড়াই ভালোবাসতে পারে।

আমাদের মুখে একটু হাসি দেখার জন্য  নিজের ভাললাগা, নিজের ছোটো ছোটো স্বপ্ন গুলো, নিজের ছোটো ছোটো ইচ্ছাগুলো শুধুমাত্র আমাদেরকে খুশি করার জন্য সবটা sacrifice করে।

মা- ই সেই মানুষ যে জ্বর হলে, শরীর খারাপ করলে সারারাত বুকে জড়িয়ে বসে থাকতে পারে। পরীক্ষা শুরু হলে মায়ের মুখটা দেখলে মনে হয় পরীক্ষাটা আমার না, পরীক্ষাটা মা দিচ্ছে। সারাদিন পর বাড়িতে ফিরলে দেখা যায় মা খাবার টেবিলে অপেক্ষা করছে, কখন আমি আসবো আর দুজনে একসাথে সারাদিনের সব জমে থাকা কথা বলতে বলতে খাবার খাবো। কখনও অন্য কারোর ওপর রাগ হলে সেই সমস্থ রাগ গুলো আমার ওপর এসে ঝাড়বে। আবার কষ্ট পেলে এসে কেঁদেও ফেলবে। বাড়ির বাইরে থাকলে সারাক্ষণ ফোন করে করে মাথাটা খারাপ করে ফেলবে। আবার তাড়াতাড়ি বাড়ি ফিরলে বলবে " এতো তাড়াতাড়ি যে"!

সব কাজের শেষে বাড়ি ফিরে মাকে দেখতে না পেলে চোখ দুটো যেন শুধু মাকেই খুঁজে চলে। খুব ছোটো ছোটো ব্যাপারে রাগ হয়ে গেলে মা কোনো কথার উত্তর না দিয়ে চুপ করে শুধু আমার রাগটাকে উপলব্ধি করে যায়। সেই অদ্ভূত নিস্তব্ধতা আমায় একেবারে ভেতর থেকে ঠান্ডা করে দিয়ে যায়।

কাজের মাঝে ব্যস্ত থাকলে, খাবার এনে খাইয়ে দিতে দিতে বলবে " এতো কাজে ব্যস্ত যে খাবার সময়টুকু পাস না। কবে যে বড়ো হবি?"

এখনও মায়ের হাতের মার গুলোকে খুব মিস করি । কেন জানিনা মনে হয় ওগুলো খুব শক্তিশালী টনিক ছিল। মনে হয় মায়ের হাতের সেই একটা থাপ্পড় খেলে নিজের সব ভুলগুলোকে যদি শুধরে ঠিক করা যেত।

ভালো থাকুক পৃথিবীর সমস্ত মা যে আমাদের খুশিতে খুশি হয়েছে, যে আমাদের কষ্টে কষ্ট পেয়েছে, যে আমাদের ছোটো থেকে শাসনে - আদরে বড়ো করে তুলেছে নিজের সবটুকু দিয়ে। আমি মনে করি, মায়ের থেকে আমরা যতই দূরে যাই না কেন মা সবসময় আমাদের পাশেই থাকে, আর বলে যায় " চেষ্টা করে দেখ, ঠিক পারবি"।

**Love you Maa** ❤️❤️

**Name- Priyanka Kundu**
**Sem- 4th**
**Department- English**
**Roll- 1240118**



**My Mother**

Mother is someone who makes this world a better place. Words could not enough to describe you what you meant to me. You are the most purest, bravest and strongest person I have ever seen.Thank you for your immense support, courage and guidance. Happy Mother's Day Maa.

**Name: Shilpa Dey**
**Semister: Fourth**
**Department: English**
**Roll- 1240109**



**আমার মা**

তুমি বিনে আমার এই জগৎ সংসার যে শূন্য মা,
তোমায় ছাড়া মিথ্যে সমস্ত চাওয়া পাওয়া
তুমি আমার মনোবল তুমি স্বপ্ন আশা
তুমিই হলে বিশ্বস্ত বন্ধু আমার তুমিই সর্বপ্রথম ভালোবাসা।
পাই যেনো মা তোমার মুখে ফোঁটাতে সুখময় হাসি
মা ডাকে যে সহস্র শান্তি লুকিয়ে আছে রাশি রাশি।
আজীবন মা ধোঁয়াতে চাই তোমার ওই রাঙা চরণ দুটি,
মাগো নিলাম আমি মাথায় তুলি তোমার চরণ ধূলি।।

**কলমে - ভার্গব চক্রবর্তী**
**Sem- 6th**
**Department - political Science**
**Roll - 1230667**



**আমার মা**❤️🩹

মা ছাড়া জীবন অচল, মা একদিন বাড়িতে না থাকলে বাড়ি অগোছালো হয়ে যায়।
মা আমাদের পরিবারে সবার খেয়াল রাখে; আমি,ভাই ও বাবা কোনো জিনিস খুঁজে না পেলে সবার আগে মার কাছেই যাই, মা আর সমাধান করে দেয়।আমি কলেজ থেকে বাড়ি গেলে মা সবসময় খাওয়ার কথা জিজ্ঞাসা করে কিন্তু আমরা কখনও বলি না যে মা তুমি খেয়েছো? আমি রাতে দেখেছি ভাত কম পড়লে মা আমাদের আগে ঠিক করে দিয়ে দেয় পরে কিন্তু পরে নিজে কম খায়।
মার একদিনের কাজ করতে আমার অবস্থা খারাপ হয়ে যায় কিন্তু মা সবার যত্ন নেওয়া, গৃহের কাজকর্ম প্রতিনিয়ত করে যায়।মা না থাকলে আমাদের জীবন আজ যতটা সুবিধে ও আনন্দ রয়েছে তা হতো না।

মায়ের প্রতি সব সময় ভালো বাসা থাকবে। বছরে শুধু এক দিন নয়, মায়ের ভালো বাসা স্থায়ী হোক বছর জুড়ে।
আজকের এই বিশেষ দিনে এতটুকু বলতে চাই মা আমি তোমাকে ভীষণ ভালো বাসি।
এবং তোমার যা আশা আছে তা যেন সব পূরণ হোক তুমি মেন সব ভালো থেকো আমি যতবার পৃথিবীতে জন্ম নেব তোমার সন্তান হয়ে যেন জন্ম নিতে পারি।

**অনুরাগ রায়**
**দ্বিতীয় সেমিস্টার**
**বাংলা বিভাগ**
**রোল নং ১২৫০০১২**










**"আমার মা"**

"মা" শব্দটা শুনলেই এক অদ্ভুত শান্তি অনুভব হয় ! আজ নাকি "MOTHER'S DAY" তা? মায়ের জন্য কি কোনো নির্দিষ্ট দিন হয়! আমার কাছে তো প্রত্যেকটা দিনই "MOTHER'S DAY"! সকাল ৬ টা থেকে শুরু করে রাত ১১ টা পর্যন্ত প্রত্যেকটা সেকেন্ড মাকে শুধু বাড়ির সবার কথা ভাবতে দেখি, কার কি পছন্দ, কে কি খেতে ভালোবাসে, কার কখন বাইরে কাজ আছে সব যেন মাকেই মনে রাখতে হয়! মাকে কখনও নিজের কথা ভাবতে দেখি নি, দেখিনি কখনও নিজের পছন্দের মাছের পিচ টা খেতে ! মার ওপর খুব রাগ হয় কেনো সবসময় আমার পিছনে পরে থাকে, খেতে না চাইলে নিজের হাতে খাইয়ে দেয়, আর বলে কিরে খিদে নেই বললি তা ভাত গুলো কোথায়? বাড়ির সব কাজ করার পরও মায়ের শক্তি কখনও কমতে দেখিনি। ১০০ টাকা চাইলে ২০০ টাকা ধরিয়ে দেয়, নিজের পছন্দের জামা কিনে দেয় রঙটা পছন্দ না হলে বলে নে না মা পরেরবার নিজের পছন্দমতো নিস! আমার মা ইনকাম করে না এইজন্য বাড়ির সবাই কতই না তুচ্ছতাচ্ছিল্য করে কত রকম কথা শোনায় কিন্তু মা সবটা হাসি মুখে সহ্য করে উত্তর দেয় না! ছোট ছোট জিনিসে কত রাগ দেখাই মাকে কিন্তু মা একটা মিষ্টি হাসি দিয়ে বলে এই রাগটা অন্য কাউকে দেখাস না ছেড়ে চলে যাবে! ঝগড়া হলে নিজেই এসে কথা বলে, পুরি খেতে চাইলে মিষ্টান্ন বানায়! বাড়ির কোনো কাজ না করলেও কখনোই একটা বকা দেয় না! আজও যখন কষ্ট পাই, বন্ধুরা দূরে সরিয়ে দেয়, ডাউনফল হয় সব কিছুর সমাধান হিসেবে তোমায় কোলে মাথা রেখে কান্না করতে করতে ঘুমোতে ভালবাসি! কখনও বলা হয় না মা তোমায় ভীষণ ভালবাসি!অসুস্থ হলে সারা রাত জেগে মাথায় জলপট্টি দেওয়া থেকে শুরু করে নিজের পরনের জামাটা ধুয়ে দেওয়া থেকে শুরু করে কলেজের আসার সময় খাবো না বলার পরও আমার রেডি হতে হতে পিছনে ভাতের থালা নিয়ে আমার পিছনে সারা ঘর ঘুরে ঘুরে সম্পূর্ণ ভাত খাইয়ে দেওয়া থেকে শুরু করে, রাগ করে কথা বলব না থেকে শুরু করে সব কিছুতেই তোমায় ভালবাসি মা! তোমায় ছাড়া একটা দিন ভাবতে পাড়ি না! একদিন বাড়িতে না থাকলে বাড়ি ফাঁকা আর আমার যে নাজেহাল অবস্থাটা হয় ভাবি তুমি কিভাবে সবটা সামলাও । আমার দ্বারা এসব হবে না ! আমার মাটা ভীষণ বোকা। কলেজ থেকে ফেরার পথে মাকে কোনো খাবার এনে দিলে নিজে না খেয়ে আমাকেই দিয়ে দেয় অর্ধেক এর বেশি ।। কে ভালোবাসে এইভাবে? তোমাকে মা হিসাবে পেয়ে আমি ধন্য, খুব খুব খুব ভালোবাসি তোমায় মা। পরের জন্মেও তোমার শুধুই তোমার মেয়ে হয়ে জন্ম নিতে চাই মা!
"আমার মা বোকা হলেও ভালোবাসা, যত্ন, আদর, আবদারের কমতি হতে দেয়নি" !!

**Name– RIYA BASAK**
**4TH SEM**
**ENGLISH DEPARTMENT**
**ROLL-1240126**



**আমার মা**

আমার মা খুব রাগী ও স্ট্রিক্ট স্বভাবের মানুষ। ছোট ছোট ভুল করলেও তিনি বকা দেন, তাই আমি মাকে একটু ভয়ও পাই। কিন্তু আমি জানি, তাঁর এই রাগের পিছনে আমার জন্য অনেক ভালোবাসা আছে। মা সব সময় চান আমি ঠিকভাবে পড়াশোনা করি, খারাপ কিছু থেকে দূরে থাকি এবং জীবনে ভালো কিছু করি। তাই তিনি আমাকে সব সময় শাসনের মধ্যে রাখেন।মা সারাদিন সংসারের কাজ করেন, তবুও আমাদের সবকিছুর খেয়াল রাখেন। বাইরে থেকে তাঁকে খুব কঠোর মনে হলেও ভিতরে ভিতরে তিনি অনেক নরম মনের মানুষ। আমি অসুস্থ হলে বা মন খারাপ থাকলে মা সবচেয়ে বেশি চিন্তা করেন। অনেক সময় তাঁর বকা খারাপ লাগে, কিন্তু পরে বুঝতে পারি তিনি আমার ভালোর জন্যই বলেন। আমার মা রাগী হলেও তিনি আমার জীবনের সবচেয়ে ভরসার মানুষ।খুব ভালোবাসি আমি তোমাকে মা।

**Name -Supriya paul**
**Semester -6th**
**Department - Sanskrit**
**Roll No- 1231211**



A mother is the most precious gift in a person's life. She is the symbol of love, care, sacrifice, and endless support. From the day a child is born, a mother dedicates her life to the happiness and well-being of her children. She teaches us how to speak, walk, and face the challenges of life with courage and confidence.

My mother is my first teacher and my best friend. She always encourages me to do the right thing and helps me become a better person. Whenever I feel sad or worried, her comforting words give me strength and hope. She works hard every day to take care of our family and never expects anything in return.

A mother's love is pure and unconditional. She celebrates our successes and stands beside us during our failures. Her prayers, blessings, and sacrifices play a great role in shaping our future. No matter how old we grow, we always remain children in our mother's eyes.

I feel blessed to have such a loving and caring mother. She is the guiding light of my life, and I am grateful for everything she does for me. I love and respect my mother with all my heart.

"God could not be everywhere, and therefore He made mothers."

**Name– Sushrita Dey**
**Roll– 1231297**
**Sem– 6th**
**Department– History**








**|| মায়ের ভালোবাসা ||**

মা হলো এমন একজন মানুষ যার ভালোবাসায় কোন শর্ত থাকে না । পৃথিবীতে মানুষ যতই বদলে যাক মায়ের ভালোবাসা কখনো বদলায় না। মায়ের কাছে আমরা সবসময় সেই ছোট্টোই থেকে যাই। আমরা যতই ভুল কাজ করি না কেন মা কখনোই আমাদের দূরে সরিয়ে দেয় না। মা নিজে না খেয়ে আমাদের খাওয়ায়। মা নিজের পছন্দ বাদ দিয়ে আমাদের পছন্দকে গুরুত্ব দেয়। এই পৃথিবীতে মা ছাড়া সবাই স্বার্থের জন্য ভালোবাসে। মা আমার অমূল্য রতন। মাকে ছাড়া নিজের ঘরটাও কেমন জানি ফাঁকা ফাঁকা লাগে। মা পাশে থাকলে সব কিছু শান্তি লাগে।

মা শুধু একটি সম্পকের নাম নয়.' মা মানেই ভালোবাসা, ভরসা, অতভূত এক মনের শান্তি আর পৃথিবীর সবচেয়ে আপন ঠিকানা।।। ❤

**Name :- Sumona Roy**
**Semester :- 6th**
**Department- Education**
**Roll :- 1231559**



**My Mother**

মা....তুমি হলে নিঃস্বার্থ ভালোবাসা, ত্যাগ এবং শান্তির অপর নাম, যার স্থান পৃথিবীতে অন্য কেউ নিতে পারে না
তুমি আমার প্রথম বন্ধু, শিক্ষক ও সবচেয়ে নিরাপদ আশ্রয়
তোমার হাসিই জীবনের শ্রেষ্ঠ শান্তি
পৃথিবীর সমস্ত ভালোবাসার চেয়ে তোমার ভালোবাসা অনেক বেশি পবিত্র ও নিঃস্বার্থ
আমি যা কিছু অর্জন করেছি এবং যা অর্জনের আশা করি, সব কিছু তোমার অবদান মা ❤️🌍

**Name :- Payel Ghosh**
**Semester :- 4th**
**Department :- Education**
**Roll :- 1240063**



**মা**

মা, এই শব্দটির একটা আলাদাই অনুভূতি। তুমি পৃথিবীর শ্রেষ্ঠ ব্যক্তি। যার জন্য এই সুন্দর পৃথিবীকে উপভোগ করতে পারছি। মায়ের ভালোবাসা নিরস্বার্থ ভালোবাসা। মা, তুমি একমাত্র ব্যক্তি যে স্বার্থ ছাড়াই আমাকে ভালোবেসে চলেছ। তুমি ছাড়া এই পৃথিবী অন্ধকার, তোমার ঋণ কখনো শোধ করতে পারবো না। যতোই তোমার উপর রাগ করি, অভিমান করি, তাও দিন শেষে আমার তোমাকেই লাগবে। এখনও তোমার সাথে না ঘুমালে আমার ঘুম হয় না। তুমি সেই ব্যক্তি যে আমাকে এত ভালো করে বোঝো। সবসময় বলা হয় না তোমাকে ছাড়া আমি অচল। সারা দিন এত পরিশ্রম কর তাও কখনো ক্লান্ত হও না তুমি, তাও সারাদিন আমাদের এত খেয়াল রাখো।।

মা, তো মা-এই হয়। মায়ের কোনো বিকল্প নেই।।

**Name- Haimanti Modak**
**Sem- 6 sem**
**Department- Sanskrit**
**Roll no. - 1230230**



# Conclusion

This publication, organized under the NSS Unit of University B.T. & Evening College, is a humble tribute to the unconditional love, sacrifice, and dedication of mothers. Through the heartfelt writings of students, the magazine reflects the deep bond between a mother and her child while promoting values of gratitude, respect, and humanity. It also provides a platform for students to showcase their creativity and express their emotions. We hope that this initiative will inspire readers to appreciate and honor the invaluable role of mothers in shaping our lives and society.




ধন্যবাদান্তে ,

University B.T. & Evening College NSS UNIT